



সাপ্তাহিক পুস্তিকা: ২৮০
WEEKLY BOOKLET-280

আমীনে আহলে সুন্নাত হযরত আব্বাসা মাওলাবা
মুহাম্মাদ ষ্টলইয়াস আভার কাদেতা রযবী وَمِنْ بَرَكَاتِهِمْ এর বিভিন্ন বাণী সম্বন্ধে সমষ্টি

আমীনে আহলে সুন্নাত وَمِنْ بَرَكَاتِهِمْ الْعَالِيَةِ এর

১২৬টি বাণী



উপস্থাপক:
ড.আল-হাদী আব্দুল হুসইন মুহাম্মাদ
(সংগঠক ইমাম)

Islamic Research Center

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ وَالصَّلٰوةُ وَالسَّلَامُ عَلٰى سَيِّدِ الْمُرْسَلِيْنَ ط
 اَمَّا بَعْدُ فَاَعُوْذُ بِاللّٰهِ مِنَ الشَّيْطٰنِ الرَّجِيْمِ ط بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ط

আমীরে আহলে সুন্নাত এত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَةِ

১২৬টি বাণী(১)

আমীরে আহলে সুন্নাতের উত্তরসূরী মাওলানা উবাইদ রেযা আত্তারী মাদানী رَضِيَ اللهُ عَنْهُ এর দোয়া: হে মুস্তফার প্রতিপালক! যে কেউ এই পুস্তিকা “আমীরে আহলে সুন্নাতের ১২৬টি বাণী” পড়ে বা শুনে নিবে তাকে দ্বীনের খিদমত করার উৎসাহ দান করো ও সুন্নাতের রাস্তায় চলার তাওফিক দান করো। اٰمِيْنَ بِجَاهِ النَّبِيِّ الْاَمِيْنَ صَلَّى اللهُ عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ।

দরুদ শরীফের ফযীলত

আমীরুল মু’মিনিন হযরত আলীউল মুন্নতাদা শে’রে খোদা رَضِيَ اللهُ عَنْهُ বলেন: যখন কোন মসজিদের পাশ দিয়ে অতিক্রম করো তখন নবীয়ে আকরাম صَلَّى اللهُ عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ এর উপর দরুদ শরীফ পাঠ করো। (ফদলুস সালাতি আলান নাবী লিল কাযীল যাহযামী, ৭০ পৃষ্ঠা, হাদীস: ৮০)

صَلُّوْا عَلٰى الْحَبِيْب! صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

বর্তমান সময়ের ইলমী ও রুহানী ব্যক্তিত্ব শায়খে তরিকত, আমীরে আহলে সুন্নাত, হযরত আল্লামা মাওলানা মুহাম্মদ ইলইয়াস আত্তার

১. অধিকাংশ বাণী ধারাবাহিক মাসিক ফয়যানে মদীনা “আত্তার কা ছামান কিতনা পিয়ারা ছামান” থেকে সংগৃহ করা হয়েছে।

কাদেরী রযবী **دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَهُ** ঐসব ব্যক্তিত্বদের মধ্য হতে একজন যাদেরকে আল্লাহ পাক অসংখ্য ইলম ও হিকমত দ্বারা ধন্য করেছেন। তাঁর মলফুযাত ও বাণী শুনে লোকেরা চরিত্রবান ও আদর্শবান হয় এবং দ্বীন ও দুনিয়ার অসংখ্য বরকত অর্জন করে, আসুন আমরাও ঐসব বাণীর আলোতে আমাদের জাহির (বাহির) ও বাতিনকে (ভেতর) সজ্জিত করার চেষ্টা করি।

আমীরে আহলে সূন্নাত **دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَهُ** এর বাণীসমগ্র

- (১) জান্নাতে যাওয়ার আমলের মধ্য হতে একটি হলো “মুসলমানকে নিজের অনিষ্টতা থেকে বাঁচানো।” (মাদানী মুযাকারা, ৩ রবিউল ১৪৩৯)
- (২) বান্দার সবচেয়ে বড় সৌভাগ্য হলো ঈমানদার (অর্থাৎ মুসলমান) হওয়া। (২৪ মিলহজ্জ ১৪৪৩, ২৩ জুলাই ২০২২)
- (৩) লৌকিকতা থেকে বেঁচে থেকে একনিষ্টতার সাথে আমল করার অভ্যাস করুন কেননা মুখলিস (তথা নিষ্ঠাবান) লোক হাজার (১০০০) পর্দার ভিতর থেকেও যদি নেক আমল করে, আল্লাহ পাক তাকে লোকদের মধ্যে প্রসিদ্ধ করে দেন। (মাদানী মুযাকারা, ২৫ মিলহজ্জ ১৪৩৫)
- (৪) দ্বীনি জ্ঞান অর্জনকারীর ভবিষ্যৎ (অর্থাৎ কবর ও পরকাল) আলোকিত ও উজ্জ্বল। (মাদানী মুযাকারা, ১০ মুহররম ১৪৩৬)
- (৫) মুচকি হাসা সূন্নাত, মুচকি হাসা লোকদের কাছে মানুষ আসে, যারা সর্বদা মুখ ভার করে রাখে তাদের কাছ থেকে লোক পালিয়ে যায়।
(মাদানী মুযাকারা, ২৫ রমযানুল মোবারক ১৪৩৬)
- (৬) বিনয়ের শব্দাবলি বলার সময় কখনো যেন লৌকিকতা চলে না আসে সুতরাং যতক্ষণ পর্যন্ত অন্তরে থাকবে না ততক্ষণ পর্যন্ত মুখে নিজে

নিজেকে “নগন্য, ফকির” (এধরনের শব্দাবলি) না বলা উচিত।

(মাদানী মুযাকারা, ২৪ রবিউল আখির ১৪৩৯)

(৭) বিশুদ্ধ আকিদা সম্পন্ন সুন্নি আলিমে দ্বীনের সংস্পর্শে থাকা ব্যক্তির ইলম ও রুহানীয়ত উভয়টি অর্জন হয়ে থাকে।

(মাদানী মুযাকারা, ২১ সফর ১৪৩৬)

(৮) এটি আশিকানে রাসূলের সৌভাগ্যময় নিদর্শন যে, যখনই মদীনা শরীফ যায় তখন কান্না করে কেননা আমরা মদীনা শরীফে হাজিরি দেয়ার উপযুক্ত নই আর যখন মদীনা শরীফ থেকে বিদায় নেয় তখনও কান্না করতে করতে মদীনা শরীফকে বিদায় দেয়।

(মাদানী মুযাকারা, ৩ শাবান ১৪৩৮)

(৯) মনে রাখবেন! দুনিয়া না কারো কাজে এসেছে, না আসবে আর না কবরে সাথে যাবে। (মাদানী মুযাকারা, পহেলা মুহররম ১৪৩৬)

(১০) সর্বশেষ নবী صَلَّى اللهُ عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ, সাহাবায়ে কেলাম, পবিত্র আহলে বাইতগণ এবং আউলিয়ায়ে কেলামগণের عَلَيْهِمُ أَجْرٌ গোলামীতে প্রকৃত মুক্তি রয়েছে। (মাদানী মুযাকারা, ১৩ শাওয়াল মুকাররম ১৪৩৫)

(১১) আনন্দের মূর্ত্তগুলোতে যেমন বিবাহ অনুষ্ঠান বা বর্ষপূর্তি অনুষ্ঠান ইত্যাদিতে উপহার স্বরূপ শোপিচ বা অন্য কোন জিনিস দেয়ার পরিবর্তে নগদ টাকা দেয়া অনেক উপকারী এটা দ্বারা সে নিজের প্রয়োজনাদি পূরণ করতে পারবে। (মাদানী মুযাকারা, ৬ রবিউল আউয়াল ১৪৩৯)

(১২) প্রত্যেক ঐ বিষয়, যা দ্বারা গুনাহের দরজা খুলে যায় সেগুলো থেকে বেঁচে থাকা জরুরী। (মাদানী মুযাকারা, ৮ মুহররম ১৪৩৬)

(১৩) কবুল হওয়ার মানদণ্ড অধিক বা অল্পের উপর নয় বরং ইখলাসের উপর নির্ভরশীল। (মাদানী মুযাকারা, ৫ রবিউল আউয়াল ১৪৩৯)

(১৪) মসজিদের ইমাম সাহেবগণ সাদাসিধে জীবন যাপন করে থাকেন সাধারণত তাদের বেতনও কম হয়ে থাকে সুতরাং প্রত্যেকের উচিত নিজের সামর্থ্য অনুযায়ী তাদের আর্থিক খিদমত করা, এর দ্বারা **إِنْ شَاءَ اللَّهُ** তাদের মন খুশি হবে। (তাদেরকে মুসল্লিগণের পক্ষ থেকে মিষ্টির প্যাকেট ও আতর ইত্যাদির খুব সুন্দর ডিব্বা দেয়ার পরিবর্তে “টাকা” দেয়া উচিত যাতে তারা প্রয়োজনীয় ঔষুধ, নিত্য প্রয়োজনীয় পন্যসামগ্রী ও পোশাক ইত্যাদি নিতে পারে)

(মাদানী মুযাকারা, ৬ রবিউল আউয়াল ১৪৩৯)

(১৫) না'লাইন শরীফের নকশা পাগড়ীর মাঝখানে (Badge) বা কাপড়ে লাগানোর উদ্দেশ্য সৌন্দর্যতা অর্জন করা নয় বরং বরকত অর্জন করাই (হলো আসল উদ্দেশ্য)। (মাদানী মুযাকারা, ১১ রবিউল আওয়াল ১৪৩৯)

(১৬) দ্রুতে তেল লাগানো সুল্লাত আর এর দ্বারা মাথা ব্যথা দূর হয়।

(মাদানী মুযাকারা, ২৫ জুমাদিল আখির ১৪৩৮ হিজরি)

(১৭) আমাদেরকে দুনিয়াবী কল্যাণ অর্জন করার জন্যও সেই কাজই করা উচিত, যা শরয়ী বিধান অনুযায়ী হয়।

(মাদানী মুযাকারা, ৪ মুহররম ১৪৩৬ হিজরি)

(১৮) আমাকে আর্থিক খিদমত করার আগ্রহীগণ আমার পরিবর্তে নিজেদের এলাকার বিশুদ্ধ আকিদা সম্পন্ন সুন্নি আলিমে দ্বীনের খিদমত করুন। (মাদানী মুযাকারা, ৫ মুহররম ১৪৩৬ হিজরি)

(১৯) বিপদে ধৈর্যধারণ করার একটি পদ্ধতি এটাও যে, কারো কাছে ঐ বিপদের কথা প্রকাশ না করা। (মাদানী মুযাকারা, ১০ মুহররম ১৪৩৬)

(২০) যখনই বলবেন ভালো কথা বলবেন কেননা মিষ্টি কথার মধ্যে এমন প্রভাব (অর্থাৎ যাদু) থাকে যে, অবাধ্য লোকও অনুগত হয়ে যায়।

(মাদানী মুযাকারা, ৪ রবিউল আউয়াল ১৪৩৬)

- (২১) দুধ আল্লাহ পাকের এমন একটি নেয়ামত যেটাতে পানি ও খাবার উভয়টি রয়েছে। তবে সবচেয়ে উত্তম হলো ছাগলের দুধ আর এটি দ্রুত হজম (Digest) ও হয়ে যায়। (মাদানী মুযাকারা, ৫ রবিউল আখির ১৪৩৬)
- (২২) ক্লাস্তি দূর করার অন্যতম একটি চিকিৎসা হলো; হালকা গরম পানি দিয়ে গোসল করা ও ঘুমানোর পূর্বে তাসবীহে ফাতেমা (অর্থাৎ ৩৩ বার **سُبْحَانَ اللَّهِ**, ৩৩ বার **أَلْحَمْدُ لِلَّهِ** এবং ৩৪ বার **اللَّهُ أَكْبَرُ**) ওযীফা পাঠ করা। (মাদানী মুযাকারা, পহেলা জুমাদিল আউয়াল ১৪৩৬)
- (২৩) মা-বাবাকে গুরুত্ব দিন কেননা তাদের পরিপূরক (Alternate) কেউ হয় না। (মাদানী মুযাকারা, ৭ জুমাদিল উলা ১৪৩৬ হিজরি)
- (২৪) মা-বাবার উচিত সন্তানদের ভালবাসা, আন্তরিকতা ও হিকমতে আমলী দ্বারা বুঝানো, কথায় কথায় ধমক দেয়া, প্রহার করা এবং চিৎকার করে করে বুঝানোর দ্বারা সন্তান অবাধ্য হতে পারে।
(মাদানী মুযাকারা, ১৩ রজব ১৪৩৬ হিজরি)
- (২৫) ভদ্র সন্তানরা নিজেদের মা-বাবার সামনে উঁচু আওয়াজে কথা বলে না বরং তাঁদের সম্মান করে ও তাঁদের হাতে পায়ে চুম্বন করে।
(মাদানী মুযাকারা, ৬ রমযানুল মোবারক ১৪৩৬ হিজরি)
- (২৬) যে কথা দুই ঠোঁটে স্থান পায়নি সেটা কোথাও স্থান পাবেনা।
(মাদানী মুযাকারা, ৬ রমযানুল মোবারক ১৪৩২ হি:)
- (২৭) যার ব্যাপারে এই ভালো ধারণা হয় যে, তার দোয়া কবুল হয়ে থাকে তার মাধ্যমে বিনা হিসাবে ক্ষমা হওয়ার দোয়া করানো উচিত। (মাদানী মুযাকারা, ২৫ রমযান ১৪৩৬)
- (২৮) ভালো ধারণার মধ্যে কোন ক্ষতি নেই এবং মন্দ ধারণার মধ্যে কোন কল্যাণ নেই। (মাদানী মুযাকারা, ১৮ রমযানুল মোবারক ১৪৩২ হিজরি)

- (২৯) প্রতিদিন (Daily) ১২ গ্লাস অর্থাৎ কমপক্ষে ৩ লিটার পানি পান করণ **إِنَّ شَاءَ اللَّهُ** কিডনির রোগ থেকে সুরক্ষিত থাকবেন ও কোষ্টকাঠিন্যতাও দূর হবে। (মাদানী মুযাকারা, ৯ মুহররম ১৪৩৬ হিজরি)
- (৩০) যদি মুসলমানরা বাহ্যিক চাকচিক্য ও প্রদর্শনী বিষয়ক ব্যয়ের অবসান ঘটিয়ে মধ্যম পন্থায় জীবনযাপন করে তাহলে সুখ সাচ্ছন্দ্য ফিরে আসবে **إِنَّ شَاءَ اللَّهُ الْكَرِيمِ**।
(মাদানী মুযাকারা, ২৫ রমযানুল মোবারক ১৪৩৬ হিজরি)
- (৩১) সময় একটি নেয়ামত আর নেয়ামতের গুরুত্ব তখন হয় যখন সেটা চলে যায়। তাই বর্তমান সময়টুকুকে গুরুত্ব দিতে তা নেকীর মাধ্যমে অতিবাহিত করণ। (মাদানী মুযাকারা, ৪ রজব ১৪৪০ হিজরি)
- (৩২) সমাজের (Society) সবচেয়ে সম্মানীত (Respectable) ও যোগ্য ব্যক্তি হলো ওলামায়ে কেলামগণ। সুতরাং আলিমদের সমালোচনা নয় বরং তাদের আদব ও সম্মান করণ।
(মাদানী মুযাকারা, ২ মুহররম ১৪৪১ হিজরি)
- (৩৩) (আফসোস!) আজ মুসলমান সোশ্যাল মিডিয়া ও নেট মিডিয়ার মাধ্যমে একে অপরকে অপমান করছে যেখানে ইসলাম মুসলমানকে একে অপরের সম্মানের হেফায়তকারী বানিয়েছে।
(মাদানী মুযাকারা, ৫ মুহররম ১৪৪১ হিজরি)
- (৩৪) যার কাছে অধিক সম্পদ থাকে লোকেরা তাকে সম্পদশালী (Rich) মনে করে। কিন্তু সত্যিকার্থে সম্পদশালী হলো ঐ সৌভাগ্যবান ব্যক্তি, যাকে আল্লাহ পাক যতটুকুই দান করেছেন তাতেই সে সন্তুষ্ট। (মাদানী মুযাকারা, ১০ রবিউল আউয়াল ১৪৪০ হিজরি)

- (৩৫) বুয়ুর্গানে কেলামের মাযারে ফয়েয অর্জনের জন্য যাওয়া উচিত আর (দ্বীন ও আখিরাতের কল্যাণ পাওয়ার জন্য) তাদের অনুসরণ করে চলা উচিত। (মাদানী মুযাকারা, ৩ মুহররম ১৪৪১ হিজরি)
- (৩৬) দশ বিবির কাহিনী, জনাবে সাযিয়াদার কাহিনী ইত্যাদি মনগড়া কাহিনী পড়া ও সেগুলোর মান্নত মানা জায়িয় নেই। যদি কেউ সেগুলো পড়ার মান্নত মানে তাহলে ঐ মান্নত পূরণ করাও জায়িয় নেই। (মাদানী মুযাকারা, ৫ মুহররম ১৪৪১ হিজরি)
- (৩৭) কাউকে নিজের গোপন কথা বলা মানে তার গোলাম হওয়া।
(৯ মিলহজ্জ ১৪৪১ হিজরি ৩০ জুলাই ২০২০)
- (৩৮) কিছু লোক এটা মনে করে যে, খেজুর, পানি বা লবণ দ্বারা রোযার ইফতার করা জরুরী, এরকম নয় বরং যেকোন খাদ্যদ্রব্য দিয়ে রোযার ইফতার করতে পারবে। (মাদানী মুযাকারা, ১৮ রমযান ১৪৩৭ হিজরি)
- (৩৯) যেখানে প্রয়োজন পড়ে সেখানে অবশ্যই প্রকাশ্যে সংশোধন করবেন কিন্তু আজকাল কিছু নির্বোধ লোক সংশোধনের নামে সোশ্যাল মিডিয়ার মাধ্যমে মুসলমানদের দোষ ত্রুটি লাঞ্ছনা মানুষের কাছে পৌঁছিয়ে দেয় যার দ্বারা ঐ মুসলমানের সম্মান সুরক্ষিত থাকে না। (মাদানী মুযাকারা, ৫ মুহররম ১৪৪১ হিজরি)
- (৪০) যদি আপনি নবীয়ে পাক صَلَّى اللهُ عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ এর দরবারে নৈকট্যশীল হতে চান তাহলে প্রিয় নবী صَلَّى اللهُ عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ এর অনুসরণ, সুন্নাতের উপর খুব বেশি আমল এবং অধিকহারে দরুদ শরীফ পাঠ করণ, اِنْ شَاءَ اللهُ এর বরকতে নবী করিম صَلَّى اللهُ عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ এর সান্নিধ্য অর্জন হবে। (মাদানী মুযাকারা, ২ মুহররম ১৪৪১ হিজরি)

(৪১) দ্বীন ইসলাম ফিতনা ফ্যাসাদকে নিরুৎসাহিত করে ও ভালবাসা, নিরাপত্তা ও ভ্রাতৃত্বকে উৎসাহিত করে ।

(মাদানী মুযাকারা, ৫ মুহররম ১৪৪১ হিজরি)

(৪২) বাচ্চাদের এটি সৃষ্টিগত (অর্থাৎ কুদরতি Natural) বিষয় যে, তারা বড়দের নকল (অর্থাৎ Copy) করে, যদি ঘরে নামাযের পরিবেশ থাকে তাহলে বাচ্চারাও নামাযের অনুকরণ করবে আর যদি আল্লাহর পানাহ! গান বাজনার পরিবেশ থাকে, তাহলে বাচ্চারাও ডাঙ্গ করবে । (মাদানী মুযাকারা, ১৯ সফল ১৪৪১ হিজরি)

(৪৩) নেক আমলের উপর স্থায়িত্ব পাওয়ার জন্য শুরু দিকে নফসকে জোরপূর্বক নেকীর দিকে ধাবিত করতে হবে ।

(মাদানী মুযাকারা, ২৯ জুমাদিল আখির ১৪৩৬ হিজরি)

(৪৪) যেই দেশের আইন (National Rules) শরীয়তের পরিপন্থি হয় না সেটার উপর আমল করা উচিত । (মাদানী মুযাকারা, ২৫ রমযান ১৪৩৬ হিজরি)

(৪৫) ঘরে (আল্লাহ না করুক) গুনাহে ভরা চ্যানেল চালালে তখন বাচ্চারাও গান গাইবে, সিনেমার ডাইলগ বলবে আর মাদানী চ্যানেল চালালে **إِنْ شَاءَ اللَّهُ** সেটার বরকতে বাচ্চার ঈমান হেফাযত, চরিত্র সুন্দর ও মুখে যিকির ও দরুদ অব্যাহত থাকবে ।

(মাদানী মুযাকারা, ১৯ সফর ১৪৪১ হিজরি)

(৪৬) গুনাহ করা তো দূরের কথা গুনাহের আশে পাশেও না যাওয়া উচিত । (মাদানী মুযাকারা, ৮ শাওয়াল মুকাররম ১৪৪১ হিজরি/৩০ মে ২০২০)

(৪৭) Quantity নয় Quality এর উপর দৃষ্টি দিন । (সংখ্যা নয় গুণগত মানের দিকে দৃষ্টি রাখুন ।)

- (৪৮) নিরবতা, আল্লাহভীরুতা ও নেকীর অভ্যাস গড়ুন আর বির্তকের পারদর্শী হওয়ার পরিবর্তে মুবাল্লিগ হয়ে যান, **إِنْ شَاءَ اللَّهُ** জাতি আপনাকে অনুসরণ করবে। (৫ মুহররম ১৪৪১ হিজরি)
- (৪৯) নিজের সুখ্যাতির কারণে প্রায়ই আমি আল্লাহ পাকের গোপন ব্যবস্থাপনাকে ভয় করি। (৬ মুহররম ১৪৪১ হিজরি)
- (৫০) গাঙ্গীর্ষতা (অবলম্বন করণ) তবে এমন নয় যে হাসির সময়ও মুখভার করে রাখবেন। (৮ মুহররম ১৪৪১ হিজরি)
- (৫১) হাসি মুখে কথা বলাটা অনেক সমস্যা সমাধান করে দেয়।
(১৬ সফরুল মুযাফফর ১৪৪২ হিজরি ৩ অক্টোবর ২০২০)
- (৫২) (পরকালিন বিষয়ে) সব সময় “মযলুম” এরই জয় হয়।
(৭ মুহররম ১৪৪৪ হিজরি ৫ আগস্ট ২০২২)
- (৫৩) তাজভীদ ও কিরাত সহকারে কুরআনে করীম পাঠকারী “ঈর্ষনীয়”। (২ মুহররম ১৪৪৪ ২ আগস্ট ২০২২)
- (৫৪) বাচ্চাদেরকে চকলেট, টফি, চিপস ইত্যাদি খাওয়ানোর পরিবর্তে দুধ, ফলমূল ও সবজি ইত্যাদি খাওয়ান, **إِنْ شَاءَ اللَّهُ** বাচ্চাদের স্বাস্থ্য ভালো থাকবে। (২ মুহররম ১৪৪৪ হিজরি, ২ আগস্ট ২০২২)
- (৫৫) মুসলমানের স্বভাব কখনো মন্দ হওয়া উচিত নয়।
(৬ মুহররম ১৪৪৪ হিজরি ৪ আগস্ট ২০২২)
- (৫৬) **الْحَمْدُ لِلَّهِ** আমি প্রায়ই আমার মুরিদ ও তালেবীনদের জন্য দোয়া করতে থাকি। (৯ মুহররম ১৪৪৪ হিজরি ৮ আগস্ট ২০২২)
- (৫৭) “সুখের সঙ্গী” অনেক কিন্তু “দুঃখের সাথী” খুব কম হয়ে থাকে।
(৯ মুহররম ১৪৪৪ হিজরি মোতাবেক ৮ আগস্ট ২০২২)
- (৫৮) মুহাররমুল হারামে আহলে বাইতে আতহারগণের (**رَضِيَ اللَّهُ عَنْهُمْ**) নির্ভরযোগ্য ফাযায়েল বর্ণনা করা উচিত যাতে মানুষের অন্তরে

এসব সম্মানীত ব্যক্তিবর্গের মর্যাদা গেঁথে যায়। (বিশেষকরে মুবাল্লিগদের জন্য) (৯ মুহররমুল হারাম ১৪৪৪ মোতাবেক ৮ আগস্ট ২০২২)

(৫৯) “আসল সম্মান” আখিরাতে, দুনিয়ার সম্মানের কোন মূল্য নেই।

(৩ রবিউল আখির ১৪৪৪ মোতাবেক ৩০ অক্টোবর ২০২২)

(৬০) কাজ শুধুমাত্র ইচ্ছে করলে হয় না “করার” দ্বারা হয়ে থাকে যেমন বলা হয় “হরকত মে বরকত হে” অর্থাৎ কাজের মধ্যেই উপকারিতা। (৪ রবিউল আখির মোতাবেক ৩০ অক্টোবর ২০২২)

(৬১) অলসতা থেকে বাঁচার জন্য অলসদের সংস্পর্শ থেকে বাঁচতে হবে।

(২৯ মুহররমুল হারাম ১৪৪৪ মোতাবেক ২৭ আগস্ট ২০২২)

(৬২) মন “তরবারি” দ্বারা নয় “সুন্দর আচরণ” দ্বারা জয় করা যায়।

(পহেলা সফর ১৪৪৪ মোতাবেক ২৯ আগস্ট ২০২২)

(৬৩) ক্ষতে “মরিচ” লাগানোর পরিবর্তে “মলম” লাগান।

(পহেলা সফর ১৪৪৪ মোতাবেক ২৯ আগস্ট ২০২২)

(৬৪) যারা আমাদের বুঝায় তারাই আমাদের “অনুগ্রহকারি”।

(১৯ রবিউল আউয়াল ১৪৪৪ মোতাবেক ১৫ অক্টোবর ২০২২)

(৬৫) যার আমলের আগ্রহ অর্জিত হয়ে যায় সে দুনিয়ার যে প্রান্তেই যাক না কেন সুন্নাতকে ছাড়ে না।

(পহেলা যিলহজ্জ ১৪৪৩ হিজরি মোতাবেক ফ্রাস্ট জুলাই ২০২২)

(৬৬) কারো “প্রাসাদ” দেখে নিজের “কুঁড়েঘর” জ্বালানোর পরিবর্তে ফুটপাতে পড়ে থাকা গৃহহীন লোকদের দেখুন।

(৩ সফরুল মুযাফফর ১৪৪৪ হিজরি মোতাবেক ৩১ আগস্ট ২০২২ পরিবর্তিত)

(৬৭) “অনুভূতি” ভালবাসার মূল ভিত্তি।

(৩ সফরুল মুযাফফর ১৪৪৪ হিজরি মোতাবেক ৩১ আগস্ট ২০২২)

(৬৮) ভাঙ্গা মনকে জোড়া লাগানো উচিত আর না ভাঙ্গা মনকে আরও ভেঙ্গে দিবেন। (৯ রবিউল আখির ১৪৪৪ হিজরি মোতাবেক ৪ নভেম্বর ২০২২)

(৬৯) রোগীকে দেখতে যাওয়া সুন্নাত, কিন্তু এতো বেশি থাকবেন না যে রোগী নিজেই বিরক্ত হয়ে যায়।

(১১ রমযানুল মোবারক ১৪৪৩ হিজরি মোতাবেক ১৩ এপ্রিল ২০২২)

(৭০) মুসলমানের প্রতিটি কষ্টে প্রতিদান পাওয়া যায়, ধৈর্য হলো জান্নাতের ভান্ডার। (১৮ রমযানুল মোবারক ১৪৪৩ হিজরি মোতাবেক ২০ এপ্রিল ২০২২)

(৭১) يَا مُؤْمِنِينَ ২৯ বার প্রতিদিন পাঠকারী إِنَّ شَاءَ اللَّهُ প্রত্যেক বিপদ আপদ থেকে নিরাপদ থাকবে।

(২০ রমযানুল মোবারক ১৪৪৩ হিজরি মোতাবেক ২২ এপ্রিল ২০২২)

(৭২) একটি কবুল হওয়া নেকী সব সম্পদ ও বাদশাহী থেকে উত্তম। (২৩ রমযানুল মোবারক ১৪৪৩ হিজরি মোতাবেক ২৫ এপ্রিল ২০২২)

(৭৩) يَا ۙ ১০০ বার ঘুমানোর সময় পাঠ করার দ্বারা إِنَّ شَاءَ اللَّهُ দুষ্ট জিনের অনিষ্টতা ও প্যারালাইসিসের মতো রোগ থেকে সুরক্ষিত থাকবে।
হায়! রমযান এখন চলে যাচ্ছে।

(২৬ রমযানুল মোবারক ১৪৪৩ হিজরি মোতাবেক ২৮ এপ্রিল ২০২২)

(৭৪) রমযান মাসের আগমণে খুশি ও বিদায়ে ব্যথিত হওয়া সৌভাগ্যবানদের কাজ।

(২৮ রমযানুল মোবারক ১৪৪৩ হিজরি মোতাবেক ৩০ এপ্রিল ২০২২)

(৭৫) ঈদ শুধুমাত্র রং বেরংয়ের কাপড় পরিধান করা, ঘুরা ফেরা, বেড়ানো এবং ভালো ভালো খাবার খাওয়ার নাম নয়, ঈদ তো আল্লাহ পাকের শোকরিয়া আদায় করা, দান-সদকা এবং আল্লাহ পাকের সন্তুষ্টিমূলক কাজ করার দিন।

(২৯ রমযানুল মোবারক ১৪৪৩ হিজরি মোতাবেক ১ মে ২০২২)

(৭৬) যার কোন পরামর্শদাতা নেই, সে অনেক বড় “হতভাগা”।

(১৯ রবিউল আউয়াল ১৪৪৪ হিজরি মোতাবেক ১৫ অক্টোবর ২০২২)

- (৭৭) গুনাহ করা উচিত নয় এবং (গুনাহের কারণে) কান্না করাটাও ছেড়ে দেয়া উচিত নয় । (৩ রমযানুল মোবারক ১৪৪২)
- (৭৮) সমালোচনা সহ্যকারী হলো “বড় মানুষ” ।
(৯ রবিউল আখির ১৪৪৪ হিজরি মোতাবেক ২০২২)
- (৭৯) শিক্ষার্থীরাই হলো দেশের “সম্পদ”, এরাই দেশের ভবিষ্যত পরিবর্তন করতে পারে । (১০ রমযানুল মোবারক ১৪৪২ হিজরি রাত)
- (৮০) (নেক আমল) কবুল হওয়ার ভিত্তি সংখ্যা ও আধিক্যতা (অর্থাৎ কম ও বেশির) উপর নয় বরং ইখলাসের (একনিষ্ঠতা) উপর নির্ভর করে । (১০ রমযানুল মোবারক ১৪৪২ হিজরি)
- (৮১) কখনো বড় কথা বলা উচিত নয় ।
(১৩ রমযানুল মোবারক ১৪৪২ হিজরির আসরের পর)
- (৮২) সম্মান দাও আর সম্মান নাও । (১৫ রমযানুল মোবারক ১৪৪২ হিজরি রাত)
- (৮৩) বাচ্চা, বৃদ্ধ ও অসুস্থদের প্রতি ভালোবাসা প্রদর্শন করুন ।
(১৫ রমযানুল ১৪৪২ হিজরি রাত)
- (৮৪) আমাদের আদর্শ এমন হওয়া উচিত যাকে দেখে লোকেরা যেন বলে তাকে “ Follow ” করা উচিত ।
(১৬ রমযানুল মোবারক ১৪৪২ হিজরি রাত)
- (৮৫) “গাঙ্গীর্যতা” হলো আলিমদের অলংকার । (১৫ রবিউল আউয়াল ১৪৪৪ হিজরি)
- (৮৬) রুহের খোরাক (খাবার) হলো “আল্লাহ পাকের যিকির” ।
(১৬ রমযানুল মোবারক ১৪৪২ হিজরির পর)
- (৮৭) আল্লাহ পাকের অসম্ভুষ্টিমূলক কাজ করে কি আনন্দ উদযাপন করা যায়? (কখনো নয়) (১৯ রমযানুল মোবারক ১৪৪২ হিজরি রাত)
- (৮৮) “পরামর্শ” তার কাছ থেকে নিন যিনি আল্লাহভীরু ও আমানতদার । (১৬ রমযানুল মোবারক ১৪৪২ হিজরি রাত)

- (৮৯) নবীয়ে পাক صَلَّى اللهُ عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ এর সাথে সম্পর্কের কারণে আমি আউলাদে রাসূলগণের ভালোবাসি। (২০ রমযানুল মোবারক ১৪৪২ হিজরি রাত)
- (৯০) “জান্নাত” আউলাদে রাসূলদের কদমের সদকায় মিলবে।
(২০ রমযানুল মোবারক ১৪৪২ হিজরি রাত)
- (৯১) প্রকৃত আনন্দ (অর্থাৎ খুশির সময়) “মদীনা শরীফের হাজিরি”।
(২১ রমযানুল মোবারক ১৪৪২ হিজরি রাত)
- (৯২) রমযান মাসে টাকা “উপার্জনের” পরিবর্তে নেকী “অর্জনের” দিকে মনোযোগ দেয়া উচিত। (২২ রমযানুল মোবারক ১৪৪২ হিজরি রাত)
- (৯৩) যখন আমি জানতে পারি যে, অমুক দা’ওয়াতে ইসলামীর দ্বীনি কাজ করছে তখন আমার মন খুশি হয়।
(৭ রবিউল আখির ১৪৪৪ মোতাবেক ৩ নভেম্বর ২০২২ বিশেষ মাদানী মুযাকারা)
- (৯৪) সবচেয়ে বড় “প্রভাব সম্পন্ন” ব্যক্তি হলো সেই, যে গুনাহ থেকে বেঁচে থাকে এবং তার প্রতিটি কদম “সুন্নাত” এর রাস্তায় চলে।
(২৫ রমযানুল মোবারক ১৪৪২ হিজরি রাত)
- (৯৫) تَسْخِيرِ قُلُوبِ (অর্থাৎ অন্তরকে বসে) আনার ওযীফা হলো মুখে “মুচকি হাসি” রাখা, তবে সুন্নাতের নিয়তে মুচকি হাসুন এবং নেকীর দা’ওয়াত (দেয়ার) খাতিরে লোকদেরকে কাছে টানুন।
(২৫ রমযানুল মোবারক ১৪৪২ হিজরি রাত)
- (৯৬) কারো “প্রাণ” বাঁচানো যদিও বা ভালো কাজ কিন্তু কারো “ঈমান” বাঁচানো তার চেয়ে অধিক “গুরুত্বপূর্ণ”।
(২৬ রমযানুল মোবারক ১৪৪২ হিজরি রাত)
- (৯৭) ভালো সংস্পর্শ বিরল না হলে সফলতা অবশ্যই।
(২৮ রমযানুল মোবারক ১৪৪২ হিজরি রাত)
- (৯৮) ঈদুল ফিতর রোযা ভঙ্গকারীদের জন্য নয় বরং রোযাদারদের জন্য হয়ে থাকে। (২৯ রমযানুল মোবারক ১৪৪২ হিজরি রাত)

- (৯৯) আমার দৃষ্টিতে আমার জন্য ঐ “দিনটি” উত্তম যেদিন কোন গুনাহ সংগঠিত হয়না। (২৯ রমযানুল মোবারক ১৪৪২ হিজরি আসর)
- (১০০) কাউকে নীতিবান করার সর্বোত্তম মাধ্যম হলো নিজেই নীতিবান হয়ে যাওয়া। (১৮ সফরুল মুযাফফর ১৪৪৩ হিজরি, ২৬ সেপ্টেম্বর ২০২১)
- (১০১) নিজের ব্যক্তিত্বকে সজ্জিত করার পরিবর্তে নিজের আমলকে সজ্জিত করার চিন্তা করণ। (১৮ সফরুল মুযাফফর ১৪৪৩, ২৬ সেপ্টেম্বর ২০২১)
- (১০২) সবচেয়ে বড় চেয়ার হলো “গোলামে মুস্তফার” চেয়ার।
(১১ রবিউল আউয়াল ১৪৪৩)
- (১০৩) “কাজ” করার দ্বারা হয়ে থাকে শুধুমাত্র ইচ্ছা বা চাওয়ার দ্বারা নয়। (৭ জুমাদিল উলা ১৪৪৩, ১২ ডিসেম্বর ২০২১)
- (১০৪) দুনিয়ার আনন্দ অস্থায়ী (Temporary) আর এতে অনেক দুঃখ লুকায়িত রয়েছে। (২৮ রবিউল আখির ১৪৪৩, ৫ ডিসেম্বর ২০২১)
- (১০৫) বয়ানের মাঝখানে ভালো শব্দাবলি ব্যবহার করা ও ওয়াহ! কামনা করা এমন এক উইপোকা, যেটা বয়ানের সাওয়াব চাটতে থাকে।
(১৯ মুহররমুল হারাম ১৪৪১, ১৯ সেপ্টেম্বর ২০১৯)
- (১০৬) মুসলমানদের নিকট কম দামে পণ্য বিক্রি করে রমযান মাসে প্রচুর নেকী অর্জন করণ রমযানুল মোবারক শুধুমাত্র সম্পদ নয় বরং নেকী অর্জন করার মাস। (১ রমযান ১৪৪৩ হিজরি, ২ এপ্রিল ২০২২)
- (১০৭) শরয়ী অনুমতি ব্যতীত যারা ঝুঁকি নিয়ে খেলা করে তারা বাহাদুর নয় বরং নির্বোধ। (১ রমযান ১৪৪৩ হিজরি, ২ এপ্রিল ২০২২)
- (১০৮) ভালো বন্ধু হলো সেই, যাকে দেখে আল্লাহ পাকের কথা স্মরণ হয়ে যায়। (১ রমযান ১৪৪৩, ২ এপ্রিল ২০২২)

(১০৯) রোগ হোক বা কর্জ ব্যস, নিজের মেজাজের মধ্যে কঠোরতা না আসা উচিত। (অর্থাৎ মেজাজ খারাপ করা উচিত নয়।)

(৫ শাওয়াল ১৪৪৩, বিশেষ মাদানী মুযাকারা)

(১১০) প্রথমে প্রাণ হাতের তালুতে রাখতে হয় এরপর প্রাণ কুরবানকারী হতে হয়। (৫ শাওয়াল ১৪৪৩ হিজরি, বিশেষ মাদানী মুযাকারা)

(১১১) সম্পদশালী হওয়ার পরিবর্তে নেককার হওয়ার চেষ্টা করুন।

(৬ শাওয়াল ১৪৪৩, বিশেষ মাদানী মুযাকারা)

(১১২) আমরা আল্লাহ পাকের বিনয়ী বান্দা, আমাদের সর্বদা বিনশ্রুতাই প্রদর্শন করতে হবে, দাদাগিরি (অর্থাৎ লম্পটগীরি) নয়।

(১৯ যিলক্বদ ১৪৪৩। ১৯ জুন ২০২২)

(১১৩) যারা বলে শরীয়ত ও তরীকত আলাদা আলাদা বিষয় তাদের কাছ থেকে আমাদেরকে দূরে থাকতে হবে। (১৯ যিলক্বদ ১৪৪৩। ১৯ জুন ২০২২)

(১১৪) গোলামে মুস্তফার মধ্যে পাওয়া রাজত্ব শরীরের উপর নয় বরং অন্তরের উপর হয়ে থাকে। (১৯ যিলক্বদ ১৪৪৩। ১৯ জুন ২০২২)

(১১৫) সাপ্তাহিক ইজতিমায় নিয়মিত অংশগ্রহণ করুন, **إِنْ شَاءَ اللَّهُ الْكَرِيمِ** জামাআত সহকারে নামায আদায় করার প্রতিও যত্নশীল হয়ে যাবেন। (২৪ যিলক্বদ ১৪৪৩। ২৪ জুন ২০২২)

(১১৬) গোলামে রাসূলের চেয়ার নসীব হয়ে যায় তো অন্য কোন চেয়ার (অর্থাৎ দুনিয়ার কোন পদবী বা আসন) এর প্রয়োজন হয় না।

(২৭ যিলক্বদ ১৪৪৩। ২৮ জুন ২০২২)

(১১৭) ৭২টি নেক আমল আল্লাহ পাকের স্মরণের মাধ্যম আর আল্লাহ পাকের স্মরণের মধ্যেই প্রশান্তি রয়েছে। (২৭ যিলক্বদ ১৪৩৪। ২৮ জুন ২০২২)

(১১৮) ইশকের দৌলত পাওয়ার জন্য ইশকে ইলাহী (আল্লাহর প্রেম) ও ইশকে রাসূল (নবী প্রেম) সম্বলিত ঘটনাবলি ও বিষয়াদি পড়া উচিত।

(মাদানী মুযাকারা, ৪ যিলক্বদ ১৪৩৫)

(১১৯) যাকে দ্বীনের ব্যাপারে কষ্ট দেয়া হয় তার উচিত নবী করীম

صَلَّى اللهُ عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ কে স্মরণ করা। (২৮ ফিলক্বদ ১৪৪৩। ২৮ জুন ২০২২)

(১২০) مُنْجِيَاتٍ অর্থাৎ মুক্তিদানকারী আমল, مُهْلِكَاتٍ অর্থাৎ ধ্বংসে পতিতকারী আমল) এর ব্যাপারে জ্ঞান অর্জন করলে শয়তানের সাথে উত্তমভাবে মোকাবেলা করতে সক্ষম হবেন।

(মাদানী মুযাকারা, ৬ শাওয়াল ১৪৩৫)

(১২১) মেধার ক্ষেত্রে নিজের মেধার শোকরিয়া আদায় করা জরুরী কেননা মেধাশক্তি কুদরতি দান (অর্থাৎ আল্লাহ পাকের পক্ষ থেকে দেয়া উপহার)। (২৮ ফিলক্বদ ১৪৪৩। ২৮ জুন ২০২২)

(১২২) জযবা (আগ্রহ) থাকলে রাস্তা হাজারটি, আর স্পৃহা না থাকলে বাহানা হাজারটি। (২৭ ফিলক্বদ ১৪৩৪। ২৮ জুন ২০২২)

(১২৩) যদি সামর্থ্য থাকে তাহলে শহরের সবচেয়ে সর্বোত্তম পশু ক্রয় করে কুরবানীর জন্য নবী করীম صَلَّى اللهُ عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ এর দরবারে পেশ করণ এবং আরয করণ:

কিয়া পেশ করে জানাঁ কিয়া ছিজ হামারি হে
ইয়ে দিল ভী তুমহারা হে ইয়ে জাঁ ভী তুমহারি হে

(৩ ফিলহজ্জ ১৪৪৩। ২ জুন ২০২২)

(১২৪) শিক্ষকের দক্ষতা এতে যে, তিনি দুর্বল শিক্ষার্থীকে পড়িয়ে পরীক্ষায় সফল করে দেস। (৩ ফিলহজ্জ ১৪৪৩। ২ জুন ২০২২)

(১২৫) “বলা” সহজ কিন্তু “করে” দেখানো কঠিন।

(২ মুহররম ১৪৪৪ মোতাবেক ২ আগস্ট ২০২২)

(১২৬) যখন পদ ও নেতৃত্ব মিলে যায় তখন অনেক সময় বান্দা জুলুমে পতিত হয়ে যায়।

আগামী সপ্তাহের পুস্তিকা



دعوتِ اسلامی
بے شک جہنم
بے شک جہنم

মাকতাবাতুল মদীনার বিভিন্ন শাখা

হেত অফিস : ১৮২ আন্দরকিয়া, চট্টগ্রাম। মোবাইল: ০১৭১৪১১২৭২৬

ফয়হানে মদীনা জামে মসজিদ, জনপথ মোড়, সায়েদাবাদ, ঢাকা। মোবাইল: ০১৯২০০৭৮৫১৭

আল-ফাতাহ শপিং সেন্টার, ২য় তলা, ১৮২ আন্দরকিয়া, চট্টগ্রাম। মোবাইল ও বিকাশ নং: ০১৮৪৫৪০৩৫৮৯

কাশারীপাড়া, মাজার রোড, চকবাজার, কুমিল্লা। মোবাইল: ০১৭৯৪৭৮১৩২৬

E-mail: bdmaktabatulmadina26@gmail.com, banglatranslation@dawateislami.net, Web: www.dawateislami.net